

স্মারক নং- ৩৭.০৩.০০০০.০২৩.০৭.০৬৪.১৩/৭২২

তারিখঃ ০৫/১০/২০১৬ খ্রিঃ।

বিষয় : ২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদন প্রসঙ্গে।

সূত্র : ৩৭.০৩.৭৩০০.০০৩.০২.০০১.১৬/৩৭৯, তারিখ: ২০/৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ অর্থ বছরে তাঁর প্রতিষ্ঠানের মালামাল/যন্ত্রপাতি ক্রয়ের নিমিত্ত অনুমোদনের জন্য প্রস্তাবিত 'Annual Procurement Plan' এবং সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় নিম্ন বর্ণিত অসঙ্গতি পরিলক্ষিত হয়-

- পিপিআর-২০০৮ এ বিদ্যমান "Annual Procurement Plan" এর 'ছক' -এ ক্রয় প্রক্রিয়াকরণের জন্য উল্লিখিত তারিখ এবং তাঁর প্রতিষ্ঠান হতে অধিদপ্তরে প্রস্তাব প্রেরণের পত্রে উল্লিখিত তারিখ বাস্তব সম্মত নয়।  
অর্থাৎ, অনুমোদনের প্রস্তাব প্রেরণের পূর্বেই "Annual Procurement Plan" এ ক্রয় প্রক্রিয়াকরণের তারিখ দেয়া হয়েছে।
- ৬৮০০-সম্পদ সংগ্রহ/ক্রয় উপখাতের অধীনে সম্পদ না চেয়ে নষ্টযোগ্য/কাঁচামাল ও খুচরা যন্ত্রাংশ ক্রয়ের জন্য প্রস্তাব করা হয়েছে।
- সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির কোন কোনটিতে এবং ৪৯০০-মেরামত ও সংরক্ষণ উপখাতে সংযুক্ত মালামাল/যন্ত্রপাতির তালিকায় টেকনিক্যাল স্পেসিফিকেশন উল্লেখ করা হয়নি।
- একই ধরনের মালামাল একাধিক বার ক্রয়ের জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

২০১৬-১৭ অর্থ বছরের 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' (APP) প্রণয়ন করে অধিদপ্তরে প্রেরণের জন্য অত্র অধিদপ্তরের স্মারক নং ৩৭.০৩.০০০০.০২৩.২০.০০১.১৬-৬৪৭(৮৭), তারিখ : ১৭/৭/২০১৬ খ্রিঃ মূলে পূরণকৃত 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' এর নমুনা ছক সম্বলিত পত্র প্রেরণ করা হয়।

তাছাড়া, বিভাগীয় প্রধান এবং অধ্যক্ষগণকে সরকারি তহবিলের অর্থ দ্বারা পণ্য, কার্য বা সেবা ক্রয় এবং আনুষঙ্গিক বিষয়ে একাধিকবার প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, পিপিআর-২০০৮ এ বিদ্যমান সুনির্দিষ্ট ছক, অধিদপ্তর হতে পূরণকৃত নমুনা 'ছক' এবং এ বিষয়ে প্রশিক্ষণ থাকা সত্ত্বেও কেন তাঁর কর্তৃক অনুমোদনের প্রস্তাব প্রেরণের পূর্বেই "Annual Procurement Plan" এ ক্রয় প্রক্রিয়াকরণের তারিখ দেয়া হয়েছে এবং উপরে বর্ণিত দফা খ) হতে গ) পর্যন্ত মালামাল/যন্ত্রপাতির ক্রটিপূর্ণ তালিকা প্রস্তুত করে 'বার্ষিক ক্রয় পরিকল্পনা' অনুমোদনের জন্য অধিদপ্তরে প্রস্তাব করা হয়েছে তা পত্র প্রাপ্তির পর ০৩(তিন) কার্য দিবসের মধ্যে নিম্ন স্বাক্ষরকারীর নিকট ব্যাখ্যা প্রদান এবং পিপিআর-২০০৮ এ বিদ্যমান বিধি মোতাবেক সঠিকভাবে APP তৈরি করে পুনরায় অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণের অনুরোধ করা হলো।

(মোঃ মিজানুর রহমান) ২০১৬

যুগ্মসচিব

পরিচালক (ভোকেশনাল)

ফোন : ০২-৯১১১০২৩।

প্রাপক :

অধ্যক্ষ

নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজ

নীলফামারী।

অনুলিপি :

৩১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। তাঁকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।